গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

স্মারক নং-১২.০২.০০০০.০০৭.১৮.০০৫.১২-৭১ তারিখঃ ১৪.০৯.২০২০খ্রিঃ

**বিষয়ঃ মসলার উৎপাদন, বিপণন, সংরক্ষণ এবং সাম্প্রতিক মুল্য পরিস্থিতি নিয়ে কৃষি বিপণন অধিদপ্তরে ০৭/০৯/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মসলার বিশেষ করে পিঁয়াজ, আদা, রসুন ইত্যাদির উৎপাদন, বিপণন, সংরক্ষণ এবং সাম্প্রতিক মুল্য পরিস্থিতি বিষয়ে মসলা আমদানিকারক, আড়তদার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরসমূহের প্রতিনিধিবৃন্দের সাথে কৃষি বিপণন অধিদপ্তরে একটি মতবিনিময় সভা গত ০৭/০৯/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

১৪/৯/২০২০

(দেওয়ান আসরাফুল হোসেন)
উপপরিচালক (গবেষণা)
ফোনঃ ০২-৫৫০২৮৩৫৯
ই-মেইলঃ- dewanahossain@gmail.com

**বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প (৩য় পর্যায়), খামারবাড়ি ফার্মগেট, ঢাকা।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক, মসলা আমদানিকারক/ব্যবসায়ী সমিতি, ঢাকা।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, পিঁয়াজ আমদানিকারক/ব্যবসায়ী সমিতি, ঢাকা।
৭। সভাপতি/সাধারণ সম্পাদক, আদা আমদানিকারক/ব্যবসায়ী সমিতি, ঢাকা।
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, রসুন আমদানিকারক/ব্যবসায়ী সমিতি, ঢাকা।

**অনুলিপিঃ**

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সহকারী পরিচালক, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (ওয়েবসাইটে কার্যবিবরণীটি প্রকাশের জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

**মসলার (পিঁয়াজ, আদা, রসুন) উৎপাদন, বিপণন, সংরক্ষণ এবং সাম্প্রতিক মুল্য পরিস্থিতি নিয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ ইউসুফ (অতিরিক্ত সচিব)<br>মহাপরিচালক , কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভাকক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। |
| তারিখ | : | ০৭ সেপ্টেম্বর, ২০২০খ্রিঃ। |
| সময় | : | ১১.০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি সভায় উপস্থিত আমন্ত্রিত অতিথি ও সকল সদস্যকে স্বাগত জানান এবং সকলের সাথে পরিচিত হন। তিনি বলেন যে, মসলার বিশেষ করে পিঁয়াজ, আদা, রসুন ইত্যাদির উৎপাদন, বিপণন, সংরক্ষণ এবং সাম্প্রতিক মুল্য পরিস্থিতি বিষয়ে মসলা আমদানিকারক, আড়তদার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরসমূহের প্রতিনিধিবৃন্দের সাথে মতবিনিময়ের লক্ষ্যে আজকের এই সভা আয়োজন করা হয়েছে। অতঃপর তিনি জনাব মোঃ রশিদুল ইসলাম, সহকারী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর-কে সভার কার্যপত্রের আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভায় পিঁয়াজ, আদা ও রসুনের আবাদি জমির পরিমাণ, উৎপাদন ও চাহিদা এবং সাম্প্রতিক বাজার দর সম্পর্কিত আলোচনা করা হয়। পিঁয়াজের দাম বৃদ্ধির বিষয়ে ঢাকার শ্যামবাজারের আমদানিকারক হাজী মোঃ হাফিজুর রহমান জানান, ভারতের বাজারেই পিঁয়াজ ৩৭-৩৮ টাকা/কেজি কিনতে হচ্ছে। এর সঙ্গে রয়েছে পরিবহন ব্যয় ও শুল্ক। এতে আমদানি করা পেঁয়াজের কেজি প্রায় ৪০ টাকা পড়ছে। এ প্রসঙ্গে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রতিনিধি জানান, বাজার মনিটরিং কালে আড়তদারদের কাছে কোন পাকা রশিদ পাওয়া যায় না। এতে তারা কত দামে কিনেছেন তা নিশ্চিত হওয়া যায় না। তিনি আমদানিকারক এবং আড়তদারদের পণ্য বিক্রির সময় পাকা রশিদ সরবরাহের জন্য অনুরোধ জানান। ডিএই'র প্রকল্প পরিচালক মোঃ খায়রুল আলম বলেন, পিঁয়াজ, আদা, রসুনের হঠাৎ অস্বাভাবিক মুল্য বৃদ্ধি কাম্য নয় এবং আমদানি মুল্য নিয়মিত পর্যবেক্ষণ করা দরকার। এ প্রসঙ্গে সভাপতি বলেন, স্থলবন্দরসমুহ এবং আমদানিকারকদের নিকট হতে আমদানি মুল্য নিয়মিত পর্যালোচনা করা হবে। কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, ইনফ্লেশনারি এক্সপেকটেশন বা দাম বেড়ে যাবে এমন আতঙ্ক থেকেই মূলত ক্রেতা/ভোক্তা বেশি পরিমাণে পিঁয়াজ কিনে থাকেন। সভাপতি এ বিষয়ে বলেন, দামের ওঠানামা কমাতে হলে উৎপাদন মৌসুমের পিঁয়াজ কে পরবর্তী সময়ে বাজারে সরবরাহ উপযোগী করতে হবে, উৎপাদক ও বিপণন পর্যায়ে মজুদ সক্ষমতা বাড়ানো এবং আমদানির বাজার বহুমুখী করতে হবে।

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়ঃ**

(ক) গ্রীষ্ম মৌসুমের পিঁয়াজসহ সামগ্রিক পিঁয়াজ উৎপাদনের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে।

(খ) পিঁয়াজ, আদা, রসুনে শুকানো, নষ্ট হওয়া, পরিবহন ও স্থানান্তর জনিত ক্ষতি, সংরক্ষণজনিত ক্ষতি ও অন্যান্য ক্ষতির পরিমাণ হ্রাস করতে হবে। কৃষি বিপণন অধিদপ্তর , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহ এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে।

(গ) গৃহপর্যায়ে পিঁয়াজ, আদা, রসুন সংরক্ষণ সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। কৃষি বিপণন অধিদপ্তর এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে।

(ঘ) পিঁয়াজ, আদা, রসুনের বাজার স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং জোরদার করতে হবে। কৃষি বিপণন অধিদপ্তর, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর যৌথ মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে পারে।

(ঙ) স্থলবন্দর সমূহে নিয়মিত আমদানি মুল্য এবং আন্তর্জাতিক বাজার মুল্য পর্যবেক্ষণ করতে হবে। কৃষি বিপণন অধিদপ্তর এবং বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে।

(চ) আমদানিকারক এবং আড়তদারগণ পণ্য বিক্রির সময় খুচরা বিক্রেতা/পাইকারদের পাকা রশিদ প্রদান করবেন।

(ছ) আমদানিকারকগণ পিঁয়াজ, আদা, রসুনের আমদানি মুল্য নিয়মিত সাপ্তাহিক ভিত্তিতে কৃষি বিপণন অধিদপ্তরে প্রেরণ করবেন।

(জ) পিঁয়াজের সরবরাহ এবং এর বাজার স্থিতিশীল রাখতে পিঁয়াজ আমদানিতে ৫% শুল্ক প্রত্যাহার করা যেতে পারে। জাতীয় রাজস্ব বোর্ড এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে।

(ঝ) ভারতের পাশাপাশি মায়ানমার, চীন, তুরস্ক, পাকিস্তান, মিশর, মালয়শিয়া থেকেও পিঁয়াজ আমদানির পদক্ষেপ নেয়া যেতে পারে। ট্রেডিং কর্পোরেশন অফ বাংলাদেশ এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে।

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে মতবিনিময় সভার কাজ সমাপ্ত করেন।

১৪/৯/২০২০

**(মোহাম্মদ ইউসুফ)**
**মহাপরিচালক**
**কৃষি বিপণন অধিদপ্তর**

## মসলার উৎপাদন, বিপণন, সংরক্ষণ ও সাম্প্রতিক মূল্য পরিস্থিতি নিয়ে মতবিনিময় সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দের উপস্থিতি তালিকা

স্থানঃ সম্মেলন কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
তারিখঃ ০৭/০৯/২০২০খ্রিঃ। সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

| ক্রঃ নং | কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দের নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | শাহনাজ বেগম নীনা, উপ-পরিচালক (পিপিডি) | 01552322471 | |
| ০২ | মো: খায়রুল আলম, প্রকল্প পরিচালক, ডিএই | ০১৭১৫১৬১৭৮৪ | |
| ০৩ | মো: আলী আকবর, উপ সচিব, কৃষি মন্ত্রণালয় | 01711668338 | |
| ০৪ | মো: ইয়াছিন আহাম্মেদ, আমদানী কারক | 01711075704 | Yeasin |
| ০৫ | মোঃ হাফিজুর রহমান, আমদানী কারক | 0171535335 | |
| ০৬ | মো: আবুল হোসেন কৃষি ব্যবসায়ী | 01923809210 | হোসেন |
| ০৭ | মোঃ জাহাঙ্গীর আলম কৃষি মার্কেট | 01754148745 | জাহাঙ্গীর |
| ০৮ | মোঃ আমিনুর রহমান ফারুক, প্রোপা: এম-আর কৃষি বিপণন, মানিকগঞ্জ | 01911751100 | |
| ০৯ | এ.বি.এম. মিজানুল হক, বাজার অনুসন্ধানকারী, DAM | 01913557173 | |
| ১০ | মো: ইমরান হাসান, অফিস সহকারী | 01975727141 | |
| ১১ | মো: মিজানুর রহমান, জেনা: ম্যা: | 01552442367 | |
| ১২ | প্রনব কুমার প্রামানিক, সহকারী পরিচালক (বাজার সংযোগ) | 01716697012 | |
| ১৩ | মো: আনোয়ার হোসেন, গবেষণা কর্মকর্তা, BTC | 01748-750848 | |
| ১৪ | মো: মতিউর রহমান সজিব, নিরাপদ সবজি বিক্রেতা | 01817288583 | |
| ১৫ | মোঃ মাহবুবুর রহমান, অতিরিক্ত পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা | 01706284783 | রহমান 07.09.2020 |
| ১৬ | মোঃ রাশিদুল ইসলাম, সহকারী পরিচালক | 01689048172 | 07.09.2020 |
| ১৭ | সুলতানা নাসরিন, সহকারী পরিচালক | 01914390262 | Sulta 07.09.2020 |
| ১৮ | মো: রাসেল আমদানী কারক | ০১৭১২৬৯৬৪০১ | Rasel |